সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত-২০১০) এর ১২(৩) ধারার বিধান অনুযায়ী বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি।
ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স পরাগ এন্টারপ্রাইজ, প্রোঃ পরাগ গাইন, পিতা ঃ নিতাই গাইন, ঠিকানাঃ গ্রামঃ দাউনিয়াফাদ, ডাকঃ জলমা, উপজেলাঃ বটিয়াঘাটা, জেলাঃ খুলনা । এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখা, খুলনা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০৪.১০.২০২৬ তারিখ পর্যন্ত পাওনা ১,৩৫,৬৯,২০৪.০০(এক কোটি পয়ত্রিশ লক্ষ উনসত্তর হাজার দুই শত চার) এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখার অনুকূলে নিম্ন বর্নিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

১। জেলাঃ খুলনা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিসঃ বটিয়াঘাটা, মৌজাঃ ছয়ঘরিয়া, যে এল নং- ০৭; খতিয়ান নং- সি এস খতিয়ান নং-২১০, এস এ খতিয়ান নং-৩৭২, আর এস খতিয়ান নং-৫৯৭ পৃথক ১০৭৩ ও ৪৫৬৪; দাগ নং- সি এস দাগ নং-২৪৭২, এস এ দাগ নং-২৪৭২, আর এস দাগ নং-৩৬৯৭; জমির পরিমানঃ ১.২৯ একর এবং তদুপরিস্থিত যাবতীয় নির্মানাদি সহ। (ক) ১.০৭ একরজমির চৌহদ্দীঃ উত্তরে- রাস্তা, দক্ষিণে- মিনা রানী গাইন, পূর্বে-কেয়ারের রাস্তা ও তৎপর সরোজ কুমার মিস্ত্রি, পশ্চিমে- সরোজ কুমার মিস্ত্রি (খ) ০.২২ একর জমির চৌহদ্দী- উত্তরে- রাস্তা, দক্ষিণে- মিনা রানী গাইন, পূর্বে-কেয়ারের রাস্তা তৎপর কল্পনাথ মিস্ত্রি, পশ্চিমে- অতুল কুমার মিস্ত্রি; জমির মালিকঃ ঝর্না রানী রায়।

২। জেলাঃ খুলনা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিসঃ বটিয়াঘাটা, মৌজাঃ ছয়ঘরিয়া, যে এল নং- ০৭; খতিয়ান নং- সি এস খতিয়ান নং-২০২, এস এ খতিয়ান নং-৩৫৭, আর এস খতিয়ান নং-২৯০ পৃথক ১০৭২; দাগ নং- সি এস দাগ নং-২৪৪৯, এস এ দাগ নং-২৪৪৯, আর এস দাগ নং-৩৭১৬; জমির চৌহদ্দী- উত্তরে- রমেশ মন্ডল, দক্ষিণে- শুশীল টিকাদার, পূর্বে-অচিন্ত টিকাদার, পশ্চিমে- প্রান গোপাল ও রমেশ মিস্ত্রি; জমির পরিমানঃ ০.৪৩৭৫ একর। জমির মালিকঃ নিতাই গাইন।

শর্ত সমুহ ঃ

১. আগামী১৭/১১/২০২৬----------ইং ইং তারিখ দুপুর ৩.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, খুলনাতে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বিকাল ৩.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরন করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।

২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

আর্নেষ্ট মানি/জামানতের পরিমান	জামানতের হার	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
অনুর্দ্ধ টাকা= ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
টাকা= ১০,০০,০০১/- হইতে অনুর্দ্ধ ৫০,০০,০০০/- টাকা	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

৪. দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫. দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

৬. দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্নিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবেনা।

৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে, নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮. ঋনগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট সরকারী/সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌর কর, ভূমি কর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯. কর্তৃপক্ষ কোন কারন ব্যতিরিকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষন করে।

১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১১. নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ নিলামতব্য সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট সোনালী ব্যাংক পিএলসি, বটিয়াঘাটা শাখা, খুলনা এর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

১২. নিলাম বিজ্ঞপ্তিতে বর্নিত তারিখে কোন কারন বশতঃ ছুটি ঘোষিত হইলে উহার পরবর্তী কার্যদিবসে নিলাম অনুষ্ঠিত হইবে।

(তরুন জ্যোতি মন্ডল)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)
সোনালী ব্যাংক পিএলসি
বটিয়াঘাটা শাখা, খুলনা।
মোবাইল নং-০১৭১৩২৭৪৪৯১।